গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং- ৪৬.০১৮.০৩৩.০০.০০.০০১.২০১১ (অংশ-১)- ৪৭ তারিখঃ ৩০ নভেম্বর ২০১৬

বিষয় ঃ 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬' এর খসড়ার উপর মতামত প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৩৯.০১৮.০০.০০.০০২.২০১৬-১৮৬৫ তারিখ : ৯/১১/২০১৬
(২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৭.২২.০০১.১৬-৩৪৮, তারিখ : ২৯/১০/২০১৬

কৃষি মন্ত্রণালয় হতে The Ground Water Management Ordinace, 1985 এর ইংরেজী সংস্করণ বাংলায় রূপান্তরপূর্বক 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬' এর খসড়া প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া আইনের উপর জরুরী ভিত্তিতে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৩০/১১/২০১৬

(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০৩৭০
ই-মেইলঃ watersupply_02@yahoo.com

১। প্রধান প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডিপিএইচই ভবন, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে) ঃ

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২। জনাব মোঃ এনামুল কাদের খান, যুগ্ম সচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৭.২২.০০১.১৬-৩৪৮

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৩ / ২৯ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬' এর খসড়ার উপর মতামত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। The Ground Water Management Ordinance, 1985 এর ইংরেজি সংস্করণ বাংলায় রূপান্তরপূর্বক 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬' প্রণয়নের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া আইনের ফটোকপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো (সংযুক্ত)। উক্ত খসড়া আইনের উপর জরুরী ভিত্তিতে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্ত: ০১। অধ্যাদেশ এর ফটোকপি।
০২। বাংলায় প্রণীত খসড়া আইন।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
১) প্রশাসন
২) উন্নয়ন
৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন
নম্বরঃ..........
তারিখঃ ২৯/৯/১৬
স্বাক্ষর

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(সুব্রত ভৌমিক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪১৪
ই-মেইল:dsinput1@moa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্রমিক নং..........তারিখ........
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো।
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব (
উপ-সচিব (
সিঃ সঃ সচিব
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং..........
তারিখ: ....
স্বাক্ষর ....
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/ জেপ

৩৩

২০---- সনের ------ নং আইন

যেহেতু কৃষি উৎপাদনের জন্য ভূ-গর্ভস্থ পানিসম্পদ এবং উহার সহিত সংশ্লিষ্ট বিষয়াদির ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিধান করা সমীচীন এবং প্রয়োজনীয় :

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।

(১) এই আইন ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০---- নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

২। সংজ্ঞা। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আইনে-

(১) "একুইফার (aquifer) " অর্থ ভূতলের নিচে যে কোন গভীরে মাটির স্তর যাহাতে পর্যাপ্ত পরিমাণের পানি সঞ্চিত থাকে এবং কূপে পর্যাপ্ত পানি সঞ্চারিত করে;

(২) "চেয়ারম্যান" অর্থ উপজেলা পরিষদের চেয়ারম্যান;

(৩) "কমিটি" অর্থ উপজেলা সেচ কমিটি;

(৪) "গভীর নলকূপ (Deep Tube well)" অর্থ এমন নলকূপ যাহা ভূ-গর্ভস্থ উত্তোলন যোগ্য পানির স্তর সাত মিটারের অধিক হইলে সাবমারসিবল পাম্প সেট অথবা প্রাইম মোভার সংযুক্ত টারবাইন পাম্প দ্বারা পানি উত্তোলণে সক্ষম;

(৫) "হস্ত চালিত গভীর নলকূপ (Deep set hand-pumped Tube well)" অর্থ সেচ বা পানি সরবরাহের কাজে ব্যবহৃত এবং পানির স্তর আট মিটারের অধিক গভীরে থাকিলে ভূগর্ভ হইতে পানি উত্তোলনে সক্ষম এমন কোন হস্তচালিত নলকূপ, যাহা পাম্পের ভাল্ব ভূতলের নিচে স্থাপনক্রমে দূরবর্তী স্থান হইতে একটি পাম্প রড দ্বারা পরিচালিত হয়;

(৬) "ড্র-ডাউন" অর্থ ভূগর্ভস্থ পানির স্তরের স্থির পানির স্তর (Static Water Level) এবং উত্তোলিত পানির স্তরের (Pumping Water Level) মধ্যকার পার্থক্য;

(৭) "নির্ধারিত: অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত;

(৮) "উত্তোলিত পানি স্তর (Pumping Water Level)" অর্থ কোন কূপ হইতে পানি উত্তোলনকালে নলকূপের ভিতরে পানি যে গভীরতায় অবস্থান করে সেই স্তর;

(৯) "অগভীর নলকূপ (Shallow Tube Well)" অর্থ এমন নলকূপ যাহা ভূ-গর্ভস্থ উত্তোলন যোগ্য পানির স্তর পাম্প থেকে সাত মিটারের মধ্যে থাকিলে প্রাইম মোভার সংযুক্ত সেন্ট্রিফিউগাল পাম্প দ্বারা সাকশন পদ্ধতিতে পানি উত্তোলনে সক্ষম;

(১০) "স্থির পানির স্তর (Static Water Level) " অর্থ কোন পানি উত্তোলন শুরু করার পূর্বে ভূ-তল হতে কূপের ভিতরে যে স্তরে পানি অবস্থান করে।

(১১) "বায়ু চাপের সাঁহায্যে পানি উত্তোলনের হস্তচালিত নলকূপ (Suction lift hand-pumped Tube well)" অর্থ হস্তচালিত নলকূপ যাহা সেচ বা পানীয় জল সরবরাহের জন্য ব্যবহৃত হয়, যখন পাম্প ভাল্ব ভূমির উপরে থাকে এবং উলম্ব দূরত্বে পাম্প ভাল্ব ও উত্তোলিত পানির স্তরের গভীরত্ব আট মিটারের মধ্যে থাকিলে কেবল তখনি পানি উত্তোলন করিতে পারে;

(১২) "নলকূপ" অর্থ সেচ বা পানি সরবরাহের জন্য ব্যবহৃত যে কোন গভীর নলকূপ, বায়ু চাপের সাহায্যে পানি উত্তোলনে হস্তচালিত নলকূপ, বা হস্ত চালিত গভীর নলকূপ;

(১৩) "উপজেলা সেচ কমিটি" অর্থ ধারা ৪ এর অধীন উপজেলা সেচ কমিটি এবং উপজেলা হিসাবে ঘোষিত হয় নাই এমন থানার থানা সেচ কমিটিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৪) "উপজেলা পরিষদ" অর্থ স্থানীয় (উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনিক পুনর্গঠন) অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ৫৯ নং অধ্যাদেশ) এর অধীন উপজেলা পরিষদ, এবং উপজেলা ঘোষিত হয় নাই এমন থানা পরিষদও ইহার অন্তর্ভূক্ত হইবে।

৩। আইনের সহিত অসামঞ্জস্যপূর্ণ আইন, ইত্যাদির কার্যকরীতা। আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা কোন বিধি, প্রবিধান, আইন বা অন্য কোন দলিলে অসামঞ্জস্যপূর্ণ যাহা কিছুই থাকুক না কেন এই আইন এবং তদধীন প্রণীত বিধি কার্যকর থাকিবে।

৪। উপজেলা সেচ কমিটি। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায়, নির্ধারিত পদ্ধতিতে, উপজেলা সেচ কমিটি গঠিত হইবে।

৫। নলকূপের জন্য লাইসেন্স।

(১) উপজেলা পরিষদ কর্তৃক প্রদত্ত লাইসেন্স ব্যতীত কোন স্থানে কোন নলকূপ স্থাপন করা যাইবে না।

(২) নলকূপ স্থাপনের লাইসেন্সের জন্য উপজেলা পরিষদের নির্ধারিত ফরমে, আবেদন করিতে হইবে।

(৩) নির্ধারিত ফি সহযোগে আবেদন করা না হইলে উপজেলা পরিষদ কর্তৃক কোন আবেদন গ্রহণ করা যাইবে না।

(৪) উপজেলা পরিষদ লাইসেন্সের জন্য আবেদন প্রাপ্তির পর, কমিটি স্থানীয়ভাবে তদন্ত অনুষ্ঠানের নির্দেশ প্রদান করিবে এবং কমিটি নিম্নবর্ণিত বিষয়ে প্রতিবেদন প্রদান করিবে, যথাঃ-

- (ক) যে স্থানে নলকূপ স্থাপন করা হইবে সেই স্থানের অ্যাকুইফারের অবস্থা;
- (খ) নিকটবর্তী বিদ্যমান নলকূপের দূরত্ব;
- (গ) নলকূপ দ্বারা উপকৃত হইবে এইরূপ সম্ভাব্য এলাকা;
- (ঘ) গৃহস্থালীর উদ্দেশ্যে ব্যবহৃত নলকূপসহ বিদ্যমান নলকূপের উপর সম্ভাব্য প্রভাব;
- (ঙ) নলকূপ স্থাপনের জন্য স্থানের উপযুক্ততা;
- (চ) লাইসেন্স প্রদানের শর্ত, যদি থাকে।

(৫) যদি উপজেলা পরিষদ, কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে, এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকৃত নলকূপ স্থাপন দ্বারা-

- (ক) যে এলাকায় নলকূপ স্থাপন করা হইবে সেই এলাকা উপকৃত হইবে;
- (খ) পারিপার্শ্বিক পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়িবে না, অথবা;
- (গ) অন্য কোন ভাবে উপকার পাওয়া যাইবে ;

তাহা হইলে উক্ত পরিষদ আবেদনকৃত বিষয়ে লাইসেন্স মঞ্জুর করিতে পারিবে।

(৬) উপ-ধারা (৫) এর অধীন মঞ্জুরকৃত লাইসেন্স নির্ধারিত ফরমে এবং বর্ণিত শর্ত সাপেক্ষে হইবে।

(৭) উপজেলা পরিষদের সিদ্ধান্তের ফলে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য এই আইনের অধীনে প্রণিত বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করিতে পারিবেন এবং এই বিষয়ে উক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৬। বিদ্যমান নলকূপের লাইসেন্স।

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন কার্যকর হইবার তারিখে বিদ্যমান নলকূপ উক্তরূপ কার্যকর হইবার ছয় মাসের মধ্যে নির্ধারিত ফি প্রদান পূর্বক লাইসেন্স গ্রহণ না করিলে, উহা চালনা করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন লাইসেন্স প্রদানের জন্য কমিটি কর্তৃক কোন তদন্ত অনুষ্ঠানের প্রয়োজন হইবে না।

৭। লাইসেন্স স্থগিতকরণ এবং প্রত্যাহার।

(১) কমিটি যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, লাইসেন্সের শর্ত লংঘন করা হইয়াছে, তাহা হইলে লিখিত আদেশ দ্বারা, কারণ উল্লেখপূর্বক, কোন নলকূপের লাইসেন্স স্থগিত করিতে পারিবে, এবং উপজেলা পরিষদকে অবিলম্বে বিষয়টি অবহিত করিবে।

(২) উপজেলা পরিষদ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, লাইসেন্স স্থগিত করণের যথেষ্ট কারণ রহিয়াছে, তাহা হইলে উক্ত পরিষদ উহা স্থগিতকরণের আদেশ চূড়ান্ত করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ লাইসেন্স গ্রহীতাকে শুনানীর জন্য যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত, কোন লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করিবে না।

তবে আরও শর্ত থাকে যে, যদি লাইসেন্স স্থগিতকরনের আদেশ প্রদানের তারিখ হইতে পনের দিনের মধ্যে লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করা না হয়, তাহা হইলে লাইসেন্স স্থগিতকরণের আদেশ উক্ত সময় অতিক্রমের পর বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উপজেলা পরিষদ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদনের মেয়াদ পঁয়তাল্লিশ দিন পর্যন্ত বৈধ থাকিবে।

(৪) উপজেলা পরিষদ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের আদেশ চূড়ান্তকরণের দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আদেশ পুনর্বিবেচনার জন্য এই আইনের অধীনে প্রণিত বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে এবং পুনর্বিবেচনার বিষয়ে সেই কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৮। লাইসেন্স বাতিলকরণ।

উপজেলা পরিষদ, কমিটির প্রতিবেদনের ভিত্তিতে, এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্স বাতিল করিতে পারিবে যদি উহা এই মর্মে সন্তুষ্ট হয় যে,

(ক) লাইসেন্স গ্রহীতা লাইসেন্সে উল্লিখিত শর্ত লংঘন করিয়াছে অথবা

(খ) বাতিল-আদেশ জারীর পূর্ববর্তী তারিখের এক বৎসরের মধ্যে তিন অথবা ততোধিকবার লাইসেন্স স্থগিত করা হইয়াছে;

তবে শর্ত থাকে যে, লাইসেন্স গ্রহীতাকে শুনানীর জন্য যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত কোন লাইসেন্স বাতিল করা যাইবে না।

৯। কর্পোরেশন কর্তৃক নলকূপ সরবরাহ, ইত্যাদি।

আপাতত: বলবৎ কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কৃষি উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৩৭ নং ইপি অধ্যাদেশ) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বা অন্য যে কোন কর্তৃপক্ষ নলকূপ ব্যবসার সাথে জড়িত এইরূপ কোন ব্যক্তিকে নলকূপ সরবরাহ করিতে পারিবে না, যদি না তাহার এই আইনের অধীন প্রদত্ত নলকূপ স্থাপনের লাইসেন্স থাকে।

১০। অপরাধ।

যদি কোন ব্যক্তি এই আইনের কোন বিধান বা তদধীন প্রণীত বিধির বিধান লংঘন করেন, তাহা হইলে তিনি অনধিক দুই হাজার টাকা পর্যন্ত অর্থদন্ডে দন্ডিত হইবেন।

১১। অপরাধের আমল যোগ্যতা।

চেয়ারম্যানের লিখিত অভিযোগ ব্যতিরেকে, কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থে গ্রহণ করিবে না।

১২। বিধি প্রণয়নের ক্ষমতা।

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৩। অব্যাহতি প্রদানের ক্ষমতা।

সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন প্রকল্প বা এলাকাকে এই আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।